

তারিখঃ ৩১ জুলাই, ২০১৬

বরাবর,
প্রিয় সদস্যবৃন্দ
আসসালামু আলাইকুম ॥

বিষয়ঃ চামড়া শিল্প নগরী ঢাকা-য় ২য় ফেজ এ প্লট বরাদ্দ প্রাপ্তির আবেদন প্রসঙ্গে।

জনাব,

উপরোক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গত ৩০ জুলাই, ২০১৬ তারিখে বিটিএ'র কার্যনির্বাহী কমিটির সভায় চামড়া শিল্প নগরী ঢাকা-য় ২য় ফেজ এ বিটিএ সদস্যভুক্ত প্রতিষ্ঠানের নামে প্লট বরাদ্দ প্রাপ্তির লক্ষ্যে আবেদনকারীদের আবেদন যাচাই বাচাই করণের জন্য বিটিএ এর সিনিয়র ভাইস চেয়ারম্যান **জনাব মোঃ মাজাকাত হারুন মানিক** কে আহ্বায়ক করে একটি উপ-কমিটি গঠন করা হয়। যে সকল সম্মানিত সাধারণ সদস্য (ট্যানারী মালিক) এবং বাণিজ্যিক রপ্তানিকারকগণ চামড়া শিল্প নগরী ঢাকা-য় ১ম ফেজ এ প্লট বরাদ্দ পাননি এবং ২য় ফেজ এ নিতে আগ্রহী তাঁদের বিটিএ এ অফিস হইতে ১,০০০ (এক হাজার) টাকা ফি জমা দিয়ে বিটিএ কর্তৃক নির্ধারিত আবেদন ফরম **আগামী ১১ আগস্ট, ২০১৬** তারিখের মধ্যে সংগ্রহ করে যথাযত ভাবে পূরণ পূর্বক নিম্নোক্ত কাগজপত্র সহ **আগামী ২৫ আগস্ট, ২০১৬** তারিখের মধ্যে বিটিএ অফিসে জমা দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- ১। নির্ধারিত আবেদন ফরম।
- ২। হাল নাগাদ ট্রেড লাইসেন্স এর ফটোকপি।
- ৩। হাল নাগাদ রপ্তানী সনদপত্রের ফটোকপি।
- ৪। নূন্যতম ৩ বছর সর্বোচ্চ ১০ বছর রপ্তানির তথ্য।
- ৫। এসোসিয়েশন এর ২০১৬ সাল পর্যন্ত চাঁদা পরিশোধের মানি রিসিট এর ফটোকপি।
(বকেয়া থাকলে টাকা জমা দিয়ে মানি রিসিট সংগ্রহ করা যাবে)।
- ৬। অংশীদারী ফার্মের ক্ষেত্রে চুক্তিপত্রের ফটোকপি।
- ৭। লিমিটেড কোম্পানী ক্ষেত্রে মেমোরেন্ডাম অব আর্টিকেলের ফটোকপি।
- ৮। ২ কপি পাসপোর্ট সাইজের ছবি।
- ৯। জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।

➤ বিষয়টি অতীব জরুরী।

ধন্যবাদান্তে,

(মোহাম্মদ নূরুল ইসলাম)
সচিব